দৈনিক বাংলা

তারিখ 07 JUN 1995
পৃষ্ঠা ৪ কলাম ৩

# এ বছর ১২০০ কলেজ শিক্ষক নিয়োগ করা হবে

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার বলেছেন, মহাবিদ্যালয় পর্যায়ে শিক্ষকের স্বল্পতা হ্রাস ও শিক্ষার মানোন্নয়নের জন্য সরকার চলতি বছরে ১২০০ নতুন শিক্ষক নিয়োগ করবে।

তিনি মঙ্গলবার ইডেন বিশ্ববিদ্যালয় কলেজ চত্বরে কলেজের নবনির্মিত একাডেমিক ভবন উদ্বোধন, নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

কলেজের অধ্যক্ষা ও ছাত্রী সংসদের সভাপতি অধ্যাপিকা রাজিয়া বেগম এবং ছাত্রী সংসদের সহসভাপতি হেলেন জেরীন খান অনুষ্ঠানে ভাষণ দেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষামন্ত্রী বলেন, দেশের জনসমাজকে মানবসম্পদে রূপান্তরের অঙ্গীকারে দেশে প্রাথমিক ও গণশিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। এ কারণে সরকার বিভিন্ন স্তরের সিলেবাসে টেকনিক্যাল বিষয় যেমন–কৃষি, মৎস্য ও পশুপালন বিভিন্ন কারিগরি বিদ্যা সন্নিবেশ করেছে।

মন্ত্রী বলেন, গণতন্ত্রের সুষ্ঠু বিকাশের জন্য শিক্ষা প্রথম শর্ত। তিনি আশা করেন, দেশের সকল শিক্ষার্থীই আত্মনির্ভরশীলতার শিক্ষা এবং প্রকৃত গণতন্ত্রের দীক্ষা গ্রহণ করবে। এ উপলক্ষে তিনি ইংরেজী শিক্ষার ওপরও গুরুত্বারোপ করেন।

এর আগে মন্ত্রী নবনির্মিত একাডেমিক ভবনের উদ্বোধন করেন।